

## বিমানের বিদায়ী এমডিকে সংবর্ধনা

- A Monitor Desk Report

Date: 24 May, 2024



**ঢাকাঃ সচিব পদে পদোন্নতি পাওয়া বিমানের বিদায়ী ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আজিমকে সংবর্ধনা দেওয়া হয়েছে।**

বৃহস্পতিবার (২৩ মে) বিমান প্রধান কার্যালয় বলাকায় এই সংবর্ধনা দেওয়া হয়।

সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিমান বাংলাদেশ এয়ারলাইন্স পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মোস্তাফা কামাল উদ্দীন।

বিমানের পরিচালক (প্রশাসন) মো. মতিউল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের নির্বাহী পরিচালক, মহাব্যবস্থাপক, সিবিএ'র প্রতিনিধি, বিভিন্ন অ্যাসোসিয়েশনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এক বিজ্ঞপ্তিতে বিমানের জনসংযোগ বিভাগ জানায়, শফিউল আজিম গত ১২ ডিসেম্বর ২০২২ তারিখে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও হিসেবে যোগদান করেন। যোগদানের পর থেকে এখন পর্যন্ত তিনি বিমানকে একটি স্মার্ট এয়ারলাইন্স করার প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে নিজেকে নিয়োজিত করেন। কার্যকালের মধ্যে বিমান একটি ড্যাশ ৮ কিউ ৪০০ উড়োজাহাজ ক্রয়, দুইটি বোয়িং ৭৭৭-৩০০ উড়োজাহাজের দেনা পরিশোধ করে মালিকানা লাভ করে, লিডো ফ্লাইট ৪ডি স্মার্ট ফ্লাইট ডিসপ্যাচ সল্যুশন সংযোজন করা হয়, বিদেশি পাইলটদের বিমানের পাইলটদের মাধ্যমে ট্রেনিং প্রদান করা হয়, নারিতা, চেন্নাই, রোম, গুয়াংজু রুট চালু করা হয়।

এ ছাড়া, তার কার্যকালে নিজস্ব এয়ারক্রাফট দিয়ে হজ ফ্লাইট পরিচালনা করা, লাভের ধারাবাহিকতা বজায় রাখা, প্রায় ৯০০ কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ প্রদান, এক হাজার কোটি টাকার গ্রাউন্ড সাপোর্ট ইকুইপমেন্ট ক্রয়ের প্রক্রিয়া শুরু, প্রায় এক হাজার কর্মকর্তা ও কর্মচারীর পদোন্নতি প্রদান, গালফ এয়ারের সঙ্গে কোড শেয়ারিং চুক্তি, বিমান ফ্যানস ক্লাব গঠনসহ সোশ্যাল মিডিয়ায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রচার-প্রচারণায় নতুন মাত্রা যোগ করা হয়।

